দৈনিক
ইনকিলাব

তারিখ SEP 23 2006
পৃষ্ঠা ১২ কলাম ৭




*ইনকিলাব ঃ ১০% বেতন বৃদ্ধির ঘোষণা দিয়ে ৫% প্রদানের চক্রান্তের প্রতিবাদে গতকাল শুক্রবার মুক্তাঙ্গন থেকে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট বিক্ষোভ মিছিল বের করে*

# শর্তহীন ১০% বেতন এবং ঈদের পূর্বে পূর্ণ উৎসব ভাতা প্রদান করতে হবে

## *সমাবেশে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের নেতৃবৃন্দ*

**স্টাফ রিপোর্টার**

জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্টের সমাবেশে নেতৃবৃন্দ অবিলম্বে সরকার ঘোষিত ১০% বেতন প্রদানে সরকারী প্রজ্ঞাপন জারির জোর দাবী জানিয়েছেন। নেতৃবৃন্দ বলেন, শর্তহীন ১০% বেতন এবং এবারের ঈদের পূর্বে পূর্ণ উৎসব ভাতা ও ১০০ টাকার বাড়ী ভাড়ার পরিবর্তে সম্মানজনক বাড়ী ভাড়া প্রদান করতে হবে। অন্যথায় জোট সরকারকে চরম মাশুল দিতে হবে। নেতৃবৃন্দ বলেন, শিক্ষক কর্মচারীদের ৮ দফা দাবী মেনে নেয়া না হলে সারাদেশে বিক্ষোভের আগুন জ্বলে উঠবে। এ আগুন নেভানোর ক্ষমতা কারো থাকবে না। গতকাল সকালে মুক্তাঙ্গনে জাতীয় শিক্ষক কর্মচারী ফ্রন্ট আয়োজিত সমাবেশে নেতৃবৃন্দ বক্তব্য রাখছিলেন। *৫-এর পৃঃ ৮-এর কঃ দেখুন*

**শর্তহীন ১০% বেতন** *১২-এর পৃষ্ঠার পর*

প্রতিকূল আবহাওয়া উপেক্ষা করে বৃষ্টিতে ভিজে সংক্ষিপ্ত সমাবেশে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন সংগঠনের প্রধান সমন্বয়কারী প্রিন্সিপাল কাজী ফারুক আহমেদ, মোহাম্মদ আজিজুল ইসলাম, অধ্যাপক আসাদুল হক, এস এম এ জলিল, বিলকিস জামান ও অধ্যাপক শরীফুল ইসলাম।

নেতৃবৃন্দ বলেন, প্রধানমন্ত্রী ময়মনসিংহের জনসভায় বেসরকারী শিক্ষক কর্মচারীদের এখন ৫% এবং আবার ক্ষমতায় এলে অবশিষ্ট ৫% প্রদানের কথা বলেন। এতে শিক্ষক-কর্মচারীরা হতাশ হয়েছেন। নেতৃবৃন্দ বলেন, এ ধরনের ঘোষণায় বোঝা যায়, ১০% বেতন বৃদ্ধি সংক্রান্ত শিক্ষামন্ত্রীর ৬ আগস্টের ঘোষণা ছিল শিক্ষক কর্মচারীদের ধর্মঘট বানচালের একটি অপকৌশল মাত্র। নেতৃবৃন্দ অবিলম্বে শিক্ষক-কর্মচারীদের ন্যায্য দাবী মেনে নেয়ার আহ্বান জানান। পরে বৃষ্টির মধ্যেই বিক্ষোভ